একি মায়া,   লুকাও কায়া   জীর্ণ শীতের সাজে ।
আমার   সয় না,   সয় না,   সয় না প্রাণে, কিছুতে সয় না যে ॥
কৃপণ হয়ে হে মহারাজ,   রইবে কি আজ
আপন ভুবন-মাঝে ॥
বুঝতে নারি বনের বীণা   তোমার প্রসাদ পাবে কিনা,
হিমের হাওয়ায় গগন-ভরা ব্যাকুল রোদন বাজে ॥
কেন   মরুর পারে কাটাও বেলা রসের কাণ্ডারী ।
লুকিয়ে আছে কোথায় তোমার রূপের ভাণ্ডারী ।
রিক্তপাতা শুষ্ক শাখে   কোকিল তোমার কই গো ডাকে—
শূন্য সভা, মৌন বাণী, আমরা মরি লাজে ॥

---